



মানবিক

নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

রাজ্যে বসবাসকারী বিশেষভাবে সক্ষম মানুষদের মাসে ১০০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

- ১) বিশেষভাবে সক্ষম মানুষ, যার প্রতিবন্ধকতার পরিমাণ ৪০% (চল্লিশ শতাংশ) বা তার বেশি;
- ২) বিশেষভাবে সক্ষম মানুষ, যিনি এই রাজ্যে বসবাস করছেন এবং রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার বা অন্য কোনও সূত্রে কোনও পেনশন পান না।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি:

- ১) ব্যাঙ্কের পাশবই-এর অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড, এম আই সি আর কোড সহ অন্যান্য দরকারী তথ্য সম্বলিত পৃষ্ঠা;
- ২) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া প্রতিবন্ধকতা সংক্রান্ত শংসাপত্রের স্বপ্রত্যয়িত কপি;
- ৩) আধার কার্ডের ফটোকপি;
- ৪) ভোটার কার্ডের ফটোকপি;
- ৫) পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- ৬) আবেদনকারীর বয়স ১৮ বছরের কম হলে জন্মের সার্টিফিকেটের কপি লাগবে।

যোগাযোগ:

গ্রামীণ এলাকায় বিডিও অফিস, শহরাঞ্চলে মহকুমাশাসকের অফিস, কলকাতা কর্পোরেশন এলাকার জন্য কন্ট্রোলার অফ ভেগ্রান্সি অফিস (পূর্ত ভবন)-এ যোগাযোগ করতে হবে।